# সংবাদ

23 OCT 2016

পৃষ্ঠা ৪


## রাবি শিক্ষার্থী লিপু হত্যা

# তদন্ত ও বিচার দাবিতে বিক্ষোভ মানববন্ধন

প্রতিনিধি, রাজশাহী

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী মোতালেব হোসেন লিপু হত্যাকাণ্ডের সুষ্ঠু তদন্ত ও বিচার দাবিতে গতকাল বিক্ষোভ ও মানববন্ধন করেছে শিক্ষার্থীরা। গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষার্থীদের আয়োজনে এ কর্মসূচিতে ঝিনাইদহ জেলা সমিতি ও কুষ্টিয়া জেলা সমিতি যোগ দেয়।

মানববন্ধনে বিভাগের সভাপতি ড. প্রদীপ কুমার পান্ডে বলেন, 'আমাদের বারবার এখানে দাঁড়াতে হয়। একবার শিক্ষক হত্যাকাণ্ডের জন্য, একবার শিক্ষার্থী হত্যাকাণ্ডের জন্য। আমাদের এক শিক্ষার্থী নৃশংসভাবে খুন হয়েছে। আমি বিশ্বাস করি, যদি প্রশাসন সচেষ্ট হয় তাহলে এই হত্যাকাণ্ড কারা এটা ঘটিয়েছে তা অতি দ্রুত সময়ের মধ্যে বের করতে পারে। আমি এই বিভাগের পক্ষ থেকে এই হত্যাকাণ্ডের সুষ্ঠু তদন্ত চাই। বিচার দেখতে চাই।'

**'আমাদের বারবার রাস্তায় দাঁড়াতে হয় কখনো শিক্ষক হত্যা শিক্ষার্থী হত্যা'**

তিনি আরও বলেন, 'বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছেও আমার দাবি, যদি এ ঘটনাগুলো ঘটতেই থাকে তাহলে কেউ নিরাপদ নয়। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মতিহার বিচার : পৃষ্ঠা : ১৫ ক : ১



রাবি শিক্ষার্থী লিপুর হত্যাকারীদের বিচারের দাবিতে ঝিনাইদহে বিক্ষোভ —সংবাদ

## বিচার : দাবিতে

(১ম পৃষ্ঠার পর)

চত্বরকে আর রক্তপুরী দেখতে চাই না। আমরা চাই না এভাবে আবারও মানববন্ধনে দাঁড়াতে।

নিহত লিপুর সহপাঠী রাইসা জান্নাত বলেন, 'আমরা ক্যাম্পাসে এসেছি পড়াশোনা করতে। অথচ আমাদের বারবার মৃত্যু দেখতে হচ্ছে। আমরা লাশ হয়ে ফেরার জন্য এখানে আসিনি। আমরা ভালো নেই, আমাদের মা-বাবা ভালো নেই, তারা সবাই চিন্তিত। আমরা এ আতঙ্ক থেকে মুক্তি চাই।'

বিভাগের মাস্টার্সের শিক্ষার্থী রফিকুল ইসলামের সঞ্চালনায় আরও বক্তব্য দেন বিভাগের সহযোগী অধ্যাপক মশিহুর রহমান, সহকারী অধ্যাপক শাতিল সিরাজ, মাস্টার্সের শিক্ষার্থী জোবাইদা শিরিন, আতিক সাদ্দাম, শামীম, তৃতীয় বর্ষের আলী হুসাইন মিঠু, সাব্বিরা মুন্নি, রাইসা জান্নাত প্রমুখ। মানববন্ধন শেষে এক শোক র‍্যালি ক্যাম্পাস প্রদক্ষিণ করে বিভাগের সামনে এসে শেষ হয়। এর আগে সকাল সাড়ে ১০টার দিকে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনে লিপু হত্যার বিচার দাবিতে মানববন্ধন করেছে ঝিনাইদহ জেলা সমিতি।

গত ২০ অক্টোবর নবাব আবদুল লতিফ হলের ডাইনিংয়ের ড্রেন থেকে লিপুর লাশ উদ্ধার করা হয়। আলামত দেখে প্রাথমিকভাবে পুলিশ হত্যাকাণ্ড বলে ধারণা করে। ওইদিন লিপুর চাচা বাদী হয়ে অজ্ঞাতনামাদের আসামি করে থানায় হত্যা মামলা দায়ের করেন।

ঝিনাইদহ প্রতিনিধি জানান, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী মোতালেব হোসেন লিপুর হত্যাকারীদের গ্রেফতার ও বিচারের দাবিতে ঝিনাইদহে মানববন্ধন ও সড়ক অবরোধ কর্মসূচি পালন করেছে এলাকাবাসী। শনিবার সকালে সদর উপজেলার আমতলা বাসস্ট্যান্ডে এ কর্মসূচি পালন করে তারা।

সকালে ঝিনাইদহ-কুষ্টিয়া মহাসড়কের মকিমপুর মাধ্যমিক বিদ্যালয়ের সামনে এ কর্মসূচিতে অংশ নেয় কয়েকশ' শিক্ষার্থী, শিক্ষক, এলাকাবাসী ও তার স্বজনরা।

ঘণ্টাব্যাপী এ মানবন্ধনে বক্তব্য রাখেন ঝিনাইদহ জেলা কলেজ শিক্ষক সমিতির সভাপতি আলাউদ্দীন আজাদ, মানবাধিকার কর্মী আমিনুর রহমান টুকু, স্থানীয় মকিমপুর হাইস্কুলের প্রধান শিক্ষক দেলোয়ার হোসেন, প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আক্তারুজ্জামান ও লিপুর চাচাত ভাই জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ছাত্র মাসুম মিয়া।

বক্তারা লিপু হত্যার রহস্য উদঘাটন করে দোষিদের গ্রেফতার ও বিচারের দাবি জানান।

পরে ঝিনাইদহ-কুষ্টিয়া মহাসড়ক অবরোধ করে তারা। এতে মহাসড়কের দু'পাশে যানবাহনের তীব্র যানজটের সৃষ্টি হয়।

এর আগে গত বৃহস্পতিবার রাজশাহী বিশ্ববিদ্যালয়ের লতিফ হলের ডাইনিং রুমের পাশে নর্দমা থেকে লিপুর লাশ উদ্ধার করা হয়। লিপু হরিণাকুন্ডু উপজেলার মকিমপুর গ্রামের বদর উদ্দিনের ছেলে।